

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১:৬৮

া আরবি মূল আয়াত:

قَالُوا حَرِّقُوهُ وَ انصُرُوا اللهَتَكُم إِن كُنتُم فَعِلِينَ ﴿ ٢٨ ﴾

তারা বলল, 'তাকে আগুনে পুড়িয়ে দাও এবং তোমাদের দেবদেবীদেরকে সাহায্য কর, যদি তোমরা কিছু করতে চাও'। — আল-বায়ান

তারা বলল, 'তাকে পুড়িয়ে মার আর তোমাদের উপাস্যদের সাহায্য কর- যদি তোমরা কিছু করতেই চাও। — তাইসিরুল

তারা বললঃ তাকে পুড়িয়ে দাও এবং সাহায্য কর তোমাদের দেবতাগুলিকে, যদি তোমরা কিছু করতে চাও। — মুজিবুর রহমান

They said, "Burn him and support your gods - if you are to act." — Sahih International

৬৮. তারা বলল, তাকে পুড়িয়ে ফেল, আর সাহায্য কর তোমাদের মা'বুদাদের, তোমরা যদি কিছু করতে চাও।

তাফসীরে জাকারিয়া

(৬৮) তারা বলল, 'তাকে পুড়িয়ে দাও এবং সাহায্য কর তোমাদের উপাস্যগুলিকে; যদি তোমরা কিছু করতে চাও।' [1]

[1] ইবরাহীম (আঃ) যখন নিজের প্রমাণাদি পূর্ণরূপে পেশ করলেন এবং ওদের ভ্রম্ভতা ও অজ্ঞতা এমনভাবে প্রকাশ করলেন যে, তারা কোন উত্তর করতে পারল না। কিন্তু যেহেতু তারা ছিল হিদায়াতের সুযোগ লাভে বঞ্চিত তথা কুফরী ও শিরক তাদের অন্তরকে অন্ধকার করে রেখেছিল, সেহেতু তারা তখন শিরক হতে তওবা করার পরিবর্তে ইবরাহীম (আঃ)-এর বিরুদ্ধে কঠিন পদক্ষেপ গ্রহণ করতে প্রস্তুত হল এবং নিজেদের দেব-দেবীর দোহাই দিয়ে তাঁকে আগুনে ফেলার প্রস্তুতি শুরু করে দিল। যথারীতি আগুনের বিরাট একটি কুন্ড তৈরী করা হল। আর ওর মধ্যে ইবরাহীম (আঃ)-কে প্রস্তুর নিক্ষেপক যন্ত্র দ্বারা নিক্ষেপ করল। কিন্তু আল্লাহ আগুনকে আদেশ করলেন যে, 'তুমি ইবরাহীমের জন্য শীতল ও নিরাপদ হয়ে যাও।' উলামাগণ বলেন যে, 'শীতল' বলার সাথে 'নিরাপদ' শব্দ যদি আল্লাহ না বলতেন, তাহলে ওর শীতলতা ইবরাহীম (আঃ)-এর জন্য অসহনীয় হত। মোট কথা এটি



একটি মস্ত বড় মু'জিযা; যা আল্লাহর হুকুমে আকাশ ছোঁয়া অগ্নির লেলিহান শিখা ফুলের বাগানে রূপান্তরিত হয়ে ইবরাহীম (আঃ)-এর জন্য প্রকাশ পেল। আর এইভাবে আল্লাহ নিজের খাস বান্দাকে শত্রুদের কবল হতে রক্ষা করলেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2551

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন